




## ককটেল বিস্ফোরণের ঘটনায় জড়িতদের শনাক্তের আহ্বান রিজভীর



রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রীর কার্যালয়ের সামনে ককটেল বিস্ফোরণের ঘটনায় কারা জড়িত, তা খুঁজে বের করার আহ্বান জানিয়েছেন বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবির রিজভী। তাঁর অভিযোগ, ব্যাংক লুট ও অর্থ পাচারের সঙ্গে জড়িতদের কেউ বিদেশে পালিয়ে গেছে, আবার কেউ দেশের ভেতরে আত্মগোপনে রয়েছে। তারা এখনও সক্রিয় বলে মন্তব্য করেন তিনি।

শনিবার (১০ অক্টোবর) দুপুরে প্রেসক্লাবে নব্বইয়ের স্বৈরাচারবিরোধী আন্দোলনে শহীদ নাজির উদ্দিন জেহাদের স্মরণে আয়োজিত এক অনুষ্ঠানে এসব কথা বলেন রিজভী।

তিনি বলেন, প্রধানমন্ত্রীর কার্যালয়ের সামনে ককটেল বিস্ফোরণের ঘটনায় কারা জড়িত এবং তারা কীভাবে এমন সাহস পাচ্ছে, তা খতিয়ে দেখা প্রয়োজন।

রিজভী গণতন্ত্রকামী মানুষকে সতর্ক থাকার আহ্বান জানিয়ে বলেন, দ্রুতকারীরা আবার সক্রিয় হয়ে উঠলে দেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব ও জাতীয় পতাকা ছমকির মুখে পড়তে পারে। তাদের মাথাচাড়া দিয়ে ওঠার আগেই প্রতিহত করতে হবে, যাতে তারা আর সংগঠিত হওয়ার সুযোগ না পায়।